



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৭জি/১৬১(ক-৩)/২০১০/২০২৭/৬


তারিখ: ০২/১২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোলা জেলার সদর উপজেলাধীন রেবা রহমান ডিগ্রি কলেজের অধ্যক্ষের দায়িত্ব পালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার সদর উপজেলাধীন রেবা রহমান ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মো: মাহবুব আলম গত ২৭/০৪/২০২১ তারিখে মৃত্যুবরণ করলে বিধি মোতাবেক উপাধ্যক্ষ না থাকায় একমাত্র সহকারী অধ্যাপক জনাব মো: এমরান হোসেনকে দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু কলেজের কয়েকজন প্রভাষক জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন-২০১৯ অনুযায়ী জ্যেষ্ঠ ০৫ (পাঁচ) জন শিক্ষকের যে কোন একজনকে দায়িত্ব প্রদান করা যেতে পারে মর্মে সভাপতিকে অবহিত করেন। সে প্রেক্ষিতে কলেজের পদার্থবিদ্যা বিষয়ের প্রভাষক জনাব মো: সিরাজ সিকদার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের বিষয়ে নির্দেশনার জন্য আবেদন করেছেন।

বর্ণিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২২৫৬; তারিখ: ০৬/০৬/২০১১খ্রি. এবং স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪; তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. পরিপত্র মোতাবেক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন উপাধ্যক্ষ। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০২১ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠতম শিক্ষক দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, ভোলা জেলার সদর উপজেলাধীন রেবা রহমান ডিগ্রি কলেজে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র এবং এমপিও নীতিমালা ও জনবল কাঠামো-২০২১ এর ১৩ ধারা মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।



(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

সভাপতি

পরিচালনা পরিষদ

রেবা রহমান ডিগ্রি কলেজ

ভোলা সদর, ভোলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
- ২। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রেবা রহমান ডিগ্রি কলেজ, সদর, ভোলা;
- ৩। জেলা শিক্ষা অফিসার, ভোলা;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ভোলা;
- ৫। জনাব মো: সিরাজ সিকদার, প্রভাষক (পদার্থবিদ্যা), রেবা রহমান ডিগ্রি কলেজ, সদর, ভোলা;
- ৬। সংরক্ষণ নথি।